# ২০২১

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

### পত্র : CC-13

### (আধুনিক বাংলা কাব্য-কবিতা)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'বীরাঙ্গনা' কাব্যে 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় ঋষি-তনয়া শকুন্তলার মনে ঐশ্বর্যের আকাঙ্ক্ষা নয়, স্বামীসেবার সুতীব্র বাসনার বহিঃপ্রকাশ ঘটেছে— পত্রটি অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) পত্রকাব্য হিসাবে মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কাব্যটি কতখানি সার্থক তা বিচার করো। ১০

২। (ক) 'বসুন্ধরা' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) নজরুলের 'নারী' কবিতায় তাঁর নারীভাবনা ও সাম্যবাদী চেতনার মিলিত রূপ কীভাবে ব্যঞ্জিত হয়েছে, তা আলোচনা করো। ১০

৩। (ক) মানব সভ্যতার নিদারুণ অবক্ষয়ের দিনে অনুজ কবি বুদ্ধদেব বসু অগ্রজ কবি রবীন্দ্রনাথ ঠাকুরকে যেভাবে স্মরণ করেছেন 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতা অবলম্বনে তার পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) অমিতাভ দাশগুপ্তের 'আমার নাম ভারতবর্ষ' কবিতা জুড়ে কবির অনুভব এবং যন্ত্রণার মধ্যে ভারতবর্ষের প্রকৃত চিত্র ফুটে উঠেছে। — আলোচনা করো। ১০

৪। (ক) 'সোমের প্রতি তারা' পত্রিকার প্রধান সুর প্রণয়ভিক্ষা। — সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের নায়িকারা কোন অর্থে বীরাঙ্গনা তা উল্লেখ করো। ৫

৫। (ক) 'সোনার তরী' একটি রূপকধর্মী কবিতা— সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'হে দারিদ্র্য, তুমি মোরে ক'রেছ মহান!' — উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৬। (ক) 'মেলাবেন, তিনি মেলাবেন' — 'তিনি' কে? কবিতায় তিনি কী মেলানোর কথা বলেছেন তা লেখো। ৫

*অথবা,*

(খ) 'বুঝেছি কাঁদা হেথায় বৃথা;' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'বীরাঙ্গনা' কাব্যের একমাত্র বীরাঙ্গনা 'জনা'— এই উক্তির সারবত্তা নির্ণয় করো।

(খ) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় কবির যাত্রা লক্ষ্যহীন নয়। — কেন তা লেখো।

(গ) 'স্মৃতির শহরে' কবিতায় কবি অন্ন, বস্ত্র এবং শিক্ষার সমবন্টন এবং অধিকারের যে উল্লেখ করেছেন তার পরিচয় দাও।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'বীরাঙ্গনা' কাব্যটি কোন কাব্য অবলম্বনে লেখা?

(খ) 'বীরাঙ্গনা' কাব্যটি মধুসূদনের ক-টি সর্গে সম্পূর্ণ করার ইচ্ছা ছিল?

(গ) 'কে তুমি, বিজন বনে ভ্রম হে একাকী'— 'তুমি' কে?

(ঘ) পাঠ্য পত্রগুলি যাঁরা লিখেছেন তাঁদের মধ্যে দুজন মাতৃ চরিত্রের নাম লেখো।

(ঙ) 'সোনার তরী' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(চ) 'একখানি গ্রাম, তীরে শুকাইছে জাল', — 'বসুন্ধরা' কবিতায় কবি এ প্রসঙ্গে কাদের কথা উল্লেখ করেছেন?

(ছ) 'সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি', — বৈষ্ণব কবির কাছে কী জানতে চাওয়া হয়েছে?

(জ) 'অভিশাপ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঝ) 'অগ্নিবীণা' কাব্যের শতবর্ষ পেরোনো পাঠ্য বিখ্যাত কবিতাটির নাম লেখো।

(ঞ) 'শোনো মর্ত্যের জীব' — 'নারী' কবিতায় মর্ত্যের জীব সম্পর্কে কী বলা হয়েছে?

(ট) 'নগরীর মহৎ রাত্রিকে' — কবির কী মনে হয়?

(ঠ) 'সোহংবাদ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ড) 'প্রচ্ছন্ন স্বদেশ' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ঢ) 'সে কথা কি আমি জীবনে মরণে / কখনো ভুলতে পারি?'— 'সে কথা' বলতে কী বোঝানো হয়েছে?

(ণ) 'বোধন' কবিতায় কবি কাকে আহ্বান করেছেন?

---

২০২১

ষষ্ঠ সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্র : CC-14

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+৮

*অথবা,*

'শূদ্রক একটিমাত্র নাটক রচনা করে সংস্কৃত সাহিত্যে অমর হয়ে আছেন।' —নাটকটির নাম কী? এই মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত দাও। ১+৯

২। নাট্যকার রূপে স্যামুয়েল বেকেট-এর মূল্যায়ন করো। ১০

*অথবা,*

বিশ শতকের ইংরেজি কথাসাহিত্যে ভার্জিনিয়া উলফ-এর গুরুত্ব বিচার করো। ১০

৩। ছায়াবাদ কাকে বলে? ছায়াবাদী কবি হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিমাপ করো। ৩+৭

*অথবা,*

'আঞ্চলিক জীবনের শিল্পী' হিসাবে হিন্দি কথাসাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১০

৪। ভবভূতি রচিত একটি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

'গীতগোবিন্দম' কাব্যের রচয়িতা কে? এই কাব্যে ক'টি সর্গ আছে? যে-কোনো তিনটি সর্গের নাম লেখো। ১+১+৩

৫। 'ম্যাকবেথ' নাটকটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের কাব্যরচনার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

৬। সামাজিক বৈষম্য ও শোষণের বিষয়টি প্রেমচন্দ বহু গল্পে অকপটে প্রকাশ করেছেন। —এ জাতীয় একটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

কবি নিরালার সম্পূর্ণ নাম কী? তিনি কলকাতা থেকে প্রকাশিত যে পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন, সেই পত্রিকার নাম ও প্রকাশকের নাম লেখো। তাঁর রচিত প্রথম উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো। ১+১+১+১+১

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) কাদম্বরী

(খ) দি ওয়েস্ট ল্যান্ড

(গ) দুর্লভ বন্ধু

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বিক্রমোর্বশীয় কার রচনা, কোন শ্রেণির সাহিত্য?

(খ) বার্নার্ড'শ রচিত একটি নাটকের নাম ও প্রকাশকাল লেখো।

(গ) 'চীনী ফেরিওয়ালা' গল্পটির রচয়িতা কে?

(ঘ) 'হর্ষচরিত' কাব্যটি কার জীবনকথা নিয়ে রচিত?

(ঙ) আইভ্যান হো কার রচনা, কত সালে প্রকাশিত হয়েছিল?

(চ) সুমন চরিত্রটি প্রেমচন্দের কোন উপন্যাসে পাওয়া যায়?

(ছ) রঘুবংশ কাব্যে মোট কতজন রাজার উল্লেখ করা হয়েছে?

(জ) চার্লস ডিকেন্স কোন বিশেষ সাহিত্যযুগের লেখক? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।

(ঝ) 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল' কার লেখা? এই কাব্যনাট্যে কোন সময়ের ঘটনা বর্ণিত হয়েছে?

(ঞ) 'বটবাবা' গল্পটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ট) 'চন্দনচর্চিত নীল কলেবর পীতবসন বনমালী' — কোন কাব্যের অংশ? এর অর্থ কী?

(ঠ) 'কুকুরমুত্তা' শব্দের অর্থ কী? কাব্যটি কত সালে প্রকাশিত হয়?

(ড) কবি জন কীটস রচিত দুটি কবিতার নাম লেখো।

(ঢ) 'কবিবচন সুধা' পত্রিকা কে সম্পাদন করেন? তাঁর সম্পাদিত আর একটি পত্রিকার নাম লেখো।

(ণ) চারুদত্ত চরিত্রটি কোন রচনায় পাওয়া যায়?

———

২০২১

ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

পত্র : DSE-A-3

[বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'শজারুর কাঁটা' রহস্যকাহিনি হিসেবে উল্লেখযোগ্য হলেও একটি প্রেমকাহিনি হিসেবেও এটি সমান উপভোগ্য। — মন্তব্যটির প্রেক্ষিতে 'শজারুর কাঁটা' রচনাটি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) 'শজারুর কাঁটা' অবলম্বনে সত্যান্বেষী ব্যোমকেশ বক্সীর যে ভূমিকা প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ১০

২। (ক) পাঠ্য গল্পগুলি অবলম্বনে প্রফেসর শঙ্কু চরিত্রের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) প্রফেসর শঙ্কুর গল্পগুলি রোমাঞ্চকর অভিযানের কাহিনি হিসেবেও আকর্ষক। যে-কোনো দুটি পাঠ্য গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০

৩। (ক) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে দিয়ে প্রাপ্ত লেখক লীলা মজুমদারের স্বকীয় বৈশিষ্ট্যগুলিকে উদাহরণসহ বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের গল্পগুলির সম্পদ হল মানবিক আবেদন— 'লক্ষ্মী' ও 'বাপের ভিটে' গল্প দুটি অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

৪। (ক) 'শজারুর কাঁটা'-য় উল্লিখিত দীপার বাপের বাড়ির পরিবেশের পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'শজারুর কাঁটা'-য় দীপার সঙ্গে দেবাশিসের বিবাহ ঘটনাটি কীভাবে সংঘটিত হয়েছিল? ৫

৫। (ক) 'শঙ্কু ও আদিম মানব' গল্পে 'আদিম মানব'-এর পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) 'প্রফেসর শঙ্কু ও রোবু' গল্পে যন্ত্রের সঙ্গে মানুষের আত্মীয়তার প্রকাশ কীভাবে ঘটেছে সংক্ষেপে আলোচনা করো। ৫

**Please Turn Over**

৬। (ক) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে দেশপ্রেমের উল্লেখ আছে এমন দুটি গল্পের বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে শুধু মানুষ-ভূতের কথাই নয়, মানুষ নয় এমন ভৌতিক চরিত্রের কথাও আছে। এইরকম একটি গল্পে এইজাতীয় চরিত্রের গুরুত্বপূর্ণ উপস্থিতিকে ব্যাখ্যা করো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) 'শজারুর কাঁটা'-য় ব্যোমকেশ কর্তৃক আসল অপরাধীকে চিহ্নিতকরণের সূত্রগুলি

(খ) মঙ্গলগ্রহ থেকে টাফাগ্রহে পৌঁছনো ও টাফাবাসের অভিজ্ঞতা

(গ) তেপান্তরের পারের বাড়ি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'শজারুর কাঁটা' কাহিনিতে ঘটনার গতি বদলে দেওয়া চমকপ্রদ বিষয় কোনটি?

(খ) 'শজারুর কাঁটা' কাহিনিতে শেষ কোন ব্যক্তি আততায়ীর আক্রমণের লক্ষ্য হয়েছিল?

(গ) 'শজারুর কাঁটা'-য় দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?

(ঘ) 'শজারুর কাঁটা' কাহিনিতে দেবাশিসের বাবার নাম কী?

(ঙ) বিয়ের পরে দেবাশিসের বাড়িতে দীপা কোন শখ নিয়ে নিজেকে ব্যস্ত রেখেছিল?

(চ) প্রফেসর শঙ্কু কেন টেরাটম গ্রহের প্রাণীদের মুক্তি না দিয়ে তাদের ধ্বংস করেছিলেন?

(ছ) প্রফেসর শঙ্কুর কোন গল্পে ইহুদিবিদ্বেষী চরিত্রের পরিবর্তনের কথা আছে?

(জ) 'প্রফেসর শঙ্কু ও ম্যাকাও' গল্পের ম্যাকাওটির গুণের উল্লেখ করো।

(ঝ) প্রফেসর শঙ্কুর সঙ্গে আলেকজান্ডার ক্রাগের সাক্ষাৎ হয়েছিল কোন দেশে?

(ঞ) 'মহাকাশের দূত' গল্পে বহির্বিশ্বের শক্তির শেষ অভিযানে মানবসভ্যতার সঙ্কটমুক্তির যে সূত্রগুলি উপহারস্বরূপ এসেছিল তার মধ্যে যে-কোনো দুটি সূত্রের উল্লেখ করো।

(ট) কলম সরদারকে ধরতে পুলিশকে ভূত কেন সাহায্য করেছিল?

(ঠ) ভূতুড়ে সৌন্দর্য প্রতিযোগিতায় কে বিচারক হন? বিচারের ফলাফল কী হয়েছিল?

(ড) ভাগ্যদেবীর দেওয়া হাঁড়িটা আন্নাপিসির কাছ থেকে কীভাবে খোয়া যায়?

(ঢ) 'সব ভূতুড়ে'-র মধ্যে মানুষের হাতে ভূতের জব্দ হওয়ার কথা আছে এমন একটি গল্পের নাম লেখো।

(ণ) "'*একটা ভাল বরও চাইতে পারিস না, তুই এটার যোগ্য নোস!' এই বলে টেমিটাকে ছিনিয়ে নিয়ে অন্তর্ধান করল।*" —কে এই কথা বলে 'টেমিটাকে ছিনিয়ে নিয়ে অন্তর্ধান' করেছিল?

———————

# ২০২১

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : DSE-A-4

### (তুলনামূলক সাহিত্য)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) কালিদাসের 'মেঘদূত' কাব্যের আশ্রয়ে রবীন্দ্রনাথ বিভিন্ন সময়ে কবিতা, প্রবন্ধ রচনা করেছেন। কয়েকটি উল্লেখ করে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব কীভাবে পরিলক্ষিত হয়, আলোচনা করো। ১০

২। (ক) উনিশ শতকের বাংলা নাট্যচর্চায় শেক্সপীয়রের প্রভাব কতখানি, তা দেখাও। ১০

*অথবা,*

(খ) 'তিরিশের দশকের বাঙালি কবিদের রচনায় এলিয়টের ধ্রুপদী কাব্যাদর্শের প্রভাব সর্বাধিক'। — ব্যাখ্যা করো। ১০

৩। (ক) রবীন্দ্রনাথের কবিতা আধুনিক ভারতীয় সাহিত্যকে কীভাবে সমৃদ্ধ করেছে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) কথাশিল্পী হিসেবে শরৎচন্দ্র ও মুন্সী প্রেমচাঁদের তুলনা করো। ১০

৪। (ক) প্রাচীন সাহিত্য গ্রন্থে রবীন্দ্রনাথ কীভাবে প্রিয়ংবদা আর অনুসূয়াকে ব্যাখ্যা করেছেন? ৫

*অথবা,*

(খ) 'বিদ্যাপতি জয়দেবের দ্বারা অত্যন্ত প্রভাবিত ছিলেন' — বিশ্লেষণ করো। ৫

৫। (ক) বাংলা কবিতায় কবি শেক্সপীয়রের প্রভাব সংক্ষেপে বিবৃত করো। ৫

*অথবা,*

(খ) এলিয়টের 'Journey of the Magi' কবিতাটি রবীন্দ্রনাথকে কীভাবে প্রভাবিত করেছিল? ৫

৬। (ক) রবীন্দ্রনাথের আধ্যাত্মিকতাবাদ সমকালীন ভারতীয় কবিদের কীভাবে প্রভাবিত করেছিল? ৫

*অথবা,*

(খ) 'অভাগীর স্বর্গ' ও 'সদ্‌গতি' গল্পদুটির সংক্ষেপে তুলনা করো। ৫

**Please Turn Over**

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) শকুন্তলা

(খ) ম্যাকবেথ

(গ) গীতাঞ্জলি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' গ্রন্থের প্রকাশ কত সালে?

(খ) রবীন্দ্রনাথের 'মেঘদূত' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) কালিদাসের দু-খানি মহাকাব্যের নাম লেখো।

(ঘ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে' — কোন কবিতার অংশ?

(ঙ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়?

(চ) 'চল যাই, জয়দেব, গোকুল-ভবনে তব সঙ্গে', — কবি কে?

(ছ) 'ভ্রান্তিবিলাস' শেক্সপীয়রের কোন নাটকের অনুবাদ?

(জ) শাইলক চরিত্রটি শেক্সপীয়রের কোন নাটকে আছে?

(ঝ) এলিয়টের 'ক্রাইটেরিয়ান' পত্রিকার আদর্শে বাংলায় কোন সাময়িক পত্রিকা প্রকাশিত হয়?

(ঞ) টি. এস. এলিয়টের 'ওয়েস্ট ল্যান্ড'-এর একজন বাংলা অনুবাদকের নাম লেখো।

(ট) ঐতিহ্য ও ব্যক্তিগত প্রতিভা বিষয়ক এলিয়টের প্রবন্ধটির নাম লেখো।

(ঠ) শরৎচন্দ্র ও প্রেমচাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।

(ড) মনুষ্যেতর প্রাণীকে নিয়ে লেখা শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দুটি গল্পের নাম লেখো।

(ঢ) মহাদেবী বর্মার 'চীনী ফেরিওয়ালা' গল্পটির সঙ্গে রবীন্দ্রনাথের কোন বিখ্যাত ছোটোগল্পের তুলনা করা হয়?

(ণ) রবীন্দ্রসাহিত্যের যে-কোনো দুজন প্রাদেশিক ভাষার অনুবাদকের নাম লেখো।

---

# ২০২১

ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-4

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'লোক' ও 'লোকসংস্কৃতি'র ধারণায় বারবার পরিবর্তন ঘটেছে। সংজ্ঞাও পালটেছে। এই বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) পারমার্থিক কামনা নয়, ইহলৌকিক কামনাই ব্রত-পালনের মুখ্য সুর।— 'সেঁজুতি' ব্রতানুষ্ঠানের প্রেক্ষিতে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো। ১০

২। (ক) ছড়ার একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। ছড়ার পাঠান্তরের কারণ নির্দেশ করো। ২+৮

*অথবা,*

(খ) ধাঁধার উদ্ভবসংক্রান্ত মতবাদগুলি সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

৩। (ক) প্রবাদের লক্ষ্য হল মানবচরিত্র ও তার সমালোচনা।— মন্তব্যটি বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'রূপকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।'— এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৪। (ক) লোকসাহিত্যের শ্রেণিবিভাগ করো। ৫

*অথবা,*

(খ) টাইপ ও মোটিফের সংজ্ঞা দাও। ৫

৫। (ক) ছৌ-নৃত্যে মুখোশের ব্যবহার গুরুত্বপূর্ণ।— ছৌ-নৃত্যে মুখোশ ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) প্রাচীনকালে ধাঁধার একটি সামাজিক আচারগত মূল্য ছিল, এখনও কোথাও কোথাও আছে।— সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করো। ৫

*অথবা,*

(খ) বাউল সাধনার মূল বক্তব্য মানবতত্ত্ব। লালনের গান এই তত্ত্বের প্রকৃষ্ট সমর্থক।— ব্যাখ্যা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫×১

(ক) পুণ্যিপুকুর

(খ) রায়বেঁশে

(গ) ভাটিয়ালি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'Folklore'-শব্দটি কে প্রস্তাব করেন?

(খ) 'Folklore'-এর বাংলা প্রতিশব্দ 'লোকসংস্কৃতি' ছাড়া অন্য একটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো।

(গ) *টাইপ মোটিফ* পদ্ধতির আবিষ্কারে যে দুজন ব্যক্তি যুক্ত তাঁদের নাম উল্লেখ করো।

(ঘ) 'বাংলার ব্রত' বইটি কার লেখা?

(ঙ) 'ব্রত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নির্দেশ করো।

(চ) 'গম্ভীরা'-র একাধিক অর্থ।— একটি অর্থ লেখো।

(ছ) 'রায়বেঁশে' শব্দের অর্থ কী?

(জ) ছৌ-নৃত্যের দুটি প্রচলনক্ষেত্রের নাম লেখো।

(ঝ) বাংলা ধাঁধার প্রথম সংকলক কে?

(ঞ) 'ধাঁধা' শব্দের নানা অর্থ।— একটি অর্থ লেখো।

(ট) ছড়া ও প্রবাদের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঠ) 'প্রবাদ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ লেখো।

(ড) একটি বাংলা পৌরাণিক প্রবাদের উল্লেখ করো।

(ঢ) গাড়ীয়াল, মাহুত ও মইষ্যাল-এর সাক্ষাৎ কোন বাংলা লোকসংগীতে পাওয়া যায়?

(ণ) ব্রতকথার একটি বৈশিষ্ট্য নির্দেশ করো।